**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯-৩২৩ তারিখঃ ১৮-১২-২০২৪খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের (অক্টোবর, ২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ২৮/১১/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (অক্টোবর,২০২৪ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (নভেম্বর,২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পৃষ্ঠা।

১৮.১২.২৪
তৌহিদ মোঃ রাশেদ খান
সহকারী পরিচালক (পিপি)
ফোনঃ০২-৫৫০২৮৪৩৮
e-mail: rkshahu@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)" শীর্ষক প্রকল্প, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, পেয়ারা প্রক্রিয়াজাতকরণ, ব্রান্ডিং ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। প্রোগ্রামার (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের (অক্টোবর/২০২৪ পর্যন্ত) সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ মাসুদ করিম
মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সময় : বেলা ২.০০ ঘটিকা।

তারিখ : ২৮ নভেম্বর, ২০২৪ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি'র অক্টোবর,২০২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপপরিচালক (পিপি) কে অনুরোধ জানান। উপপরিচালক (পিপি) সভাপতির নির্দেশনা মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

**১। আলোচ্য বিষয়সমূহঃ**

**১.১। গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

গত ২৯/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। মহাপরিচালকের অনুমোদনক্রমে গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**২.১।** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, কর্মসূচি'র কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পে ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি মোতাবেক মোট ৩১৮.৬৬ কোটি টাকা এবং ০১টি কর্মসূচি'র অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১৩৯.০০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৬টি প্রকল্পের আওতায় অক্টোবর,২০২৪ পর্যন্ত ১০৩.৪৪ কোটি (৩২.৪৬%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে অক্টোবর,২০২৪ পর্যন্ত ১৯.৪৫ কোটি (৬.১০%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের বিপরীতে ৪৯.৫০ লক্ষ (৩৫.৬১%) টাকা ছাড় করা হয় এবং অক্টোবর,২০২৪ পর্যন্ত ৪৯.১৯ লক্ষ (৩৫.৩৯%) টাকা ব্যয় করা হয়।

**২.২। প্রকল্প ভিত্তিক অগ্রগতির পর্যালোচনাঃ**

২০২৪-২৫ অর্থ বছরের অক্টোবর,২০২৪ পর্যন্ত প্রকল্প ও কর্মসূচিভিত্তিক আরএডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাব নিম্নে উপস্থাপন করা হলো।

**ক) প্রকল্পসমূহের এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ** (অক্টোবর,২০২৪ পর্যন্ত)

(কোটি টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ (২০২৪-২৫ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৭৩.২৫ | ১৯.২৫ | ৫৪.০০ | ১৩.৮১ (১৮.৮৫%) | ৯.৩০ (৪৮.৩১%) | ৪.৫১ (৮.৩৫%) | ৪.২৫ (৫.৮০%) | ১.১৫ (৫.৯৭%) | ৩.১০ (৫.৭৪%) |
| ২ | এসডিএএমপি | ১০০.০০ | ১০০.০০ | ০ | ২৫.০০ (২৫%) | ২৫.০০ (২৫%) | ০ | ৭.৩৪ (৭.৩৪%) | ৭.৩৪ (৭.৩৪%) | ০ |
| ৩ | পেঁয়াজ রসুন প্রকল্প | ৪.৩১ | ৪.৩১ | ০ | ১.০৮ (২৪.৯৯%) | ১.০৮ (২৪.৯৯%) | ০ | ০.২২ (৫.০০%) | ০.২২ (৫.০০%) | ০ |
| ৪ | আলুর প্রকল্প | ৭.১৪ | ৭.১৪ | ০ | ১.৭৯ (২৫.০৭%) | ১.৭৯ (২৫.০৭%) | ০ | ০.৫৭ (৮.০০%) | ০.৫৭ (৮.০০%) | ০ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ১১৫.৩১ | ১৯.৩১ | ৯৬.০০ | ৫২.৮৩ (৪৫.৮২%) | ৪.৮৩ (২৫.০১%) | ৪৮.০০ | ৬.১৬ (৫.৩৪%) | ১.৭৬ (৯.১১%) | ৪.৪০ (৪.৫৮%) |
| ৬ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ১৮.৬৫ | ১৮.৬৫ | ০ | ৮.৯৩ (৪৭.৮৮%) | ৮.৯৩ (৪৭.৮৮%) | ০ | ০.৯১ (৪.৮৮%) | ০.৯১ (৪.৮৮%) | ০ |
| | **সর্বমোট** | **৩১৮.৬৬** | **১৬৮.৬৬** | **১৫০.০০** | **১০৩.৪৪ (৩২.৪৬%)** | **৫০.৯৩ (৩০.২০%)** | **৫২.৫১ (৩৫.০১%)** | **১৯.৪৫ (৬.১০%)** | **১১.৯৫ (৭.০৮%)** | **৭.৫০ (৫.০০%)** |

**খ) কর্মসূচির বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ** (অক্টোবর,২০২৪ পর্যন্ত)

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | বরাদ্দ (২০২৪-২৫ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় (বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | পেঁয়ারা কর্মসূচি | ১৩৯.০০ | ১৩৯.০০ | ০ | ৪৯.৫০ (৩৫.৬১%) | ৪৯.৫০ (৩৫.৬১%) | ০ | ৪৯.১৯ (৩৫.৩৯%) | ৪৯.১৯ (৩৫.৩৯%) | ০ |
| | | **১৩৯.০০** | **১৩৯.০০** | **০** | **৪৯.৫০ (৩৫.৬১%)** | **৪৯.৫০ (৩৫.৬১%)** | **০** | **৪৯.১৯ (৩৫.৩৯%)** | **৪৯.১৯ (৩৫.৩৯%)** | **০** |

### ২.৩ দরপত্র পর্যালোচনাঃ

২০২৪-২৫ অর্থ বছরের কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে মোট ৮১টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত দরপত্র/প্যাকেজসমূহের মধ্যে অক্টোবর, ২০২৪ পর্যন্ত ৫৪ টি (৬৬.৬৬%) দরপত্র আহবান করা হয়। তন্মধ্যে ২৯ টি (৩৫.৮০%) কার্যদেশ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে আরএফকিউ পদ্ধতিতে মোট ২৭টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে অক্টোবর, ২০২৪ পর্যন্ত ১৩টি (৪৮.১৫%) দরপত্র আহবান করা হয় এবং ৯টি (৩৩.৩৩%) কোটেশনের কার্যদেশ প্রদান করা হয়। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন ১টি কর্মসূচি'র অনুকুলে ৩টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ হয় এবং কোনো দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়নি। আরএফকিউ পদ্ধতিতে মোট ২ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে কোনো কোটেশন আহবান করা হয়নি।

**প্রকল্প ও কর্মসূচি অনুযায়ী দরপত্র অগ্রগতি নিম্নরূপঃ**

(ক) প্রকল্পের দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ (অক্টোবর,২০২৪ পর্যন্ত)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অংশ) | ৩২ | ২৬ | ২২ | ৭ | ১ | ১ |
| ২ | এসডিএএমপি | ৩ | ১ | ০ | ৩ | ৩ | ০ |
| ৩ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ৮ | ৮ | ২ | ৪ | ০ | ০ |
| ৪ | আলুর প্রকল্প | ৬ | ৬ | ২ | ২ | ১ | ১ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ১৯ | ১০ | ৩ | ৪ | ৩ | ৩ |
| ৬ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ১৩ | ৩ | ০ | ৭ | ৫ | ৪ |
| | **সর্বমোট** | **৮১** | **৫৪** | **২৯** | **২৭** | **১৩** | **৯** |

(খ) কর্মসূচির দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ(অক্টোবর,২০২৪ পর্যন্ত)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | পেঁয়ারা কর্মসূচি | ৩ | ০ | ০ | ২ | ০ | ০ |
| | **সর্বমোট** | **৩** | **০** | **০** | **২** | **০** | **০** |

**৩.০। আলোচ্য বিষয়-৩: গত ২৯ অক্টোবর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৩.১ | ২০২৪-২৫ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় প্রক্রিয়া যথাসময়ে অত্যন্ত স্বচ্ছতার সাথে বিধি বিধানের আলোকে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | ২০২৪-২৫ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় প্রক্রিয়া যথাসময়ে অত্যন্ত স্বচ্ছতার সাথে বিধি বিধানের আলোকে সম্পন্ন করা হবে মর্মে প্রকল্পসমূহ হতে জানানো হয়েছে। |
| ৩.২ | চলমান অর্থবছরে জিওবি ফান্ড থেকে কোন বৈদেশিক প্রশিক্ষণ বাবদ অর্থ সংস্থান থাকলে এবং বাস্তবায়ন সম্ভব নয় এরূপ কম্পোনেন্ট থাকলে তা বিশ্লেষণ করে আরএডিপিতে ফেরত প্রদান করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | চলমান অর্থবছরে জিওবি ফান্ড থেকে কোন বৈদেশিক প্রশিক্ষণ বাবদ অর্থ সংস্থান থাকলে এবং বাস্তবায়ন সম্ভব নয় এরূপ কম্পোনেন্ট থাকলে তা বিশ্লেষণ করে আরএডিপি'র প্রস্তাবে ফেরত প্রদান করা হবে মর্মে প্রকল্প প্রকল্প ও কর্মসূচি পরিচালকগণ জানিয়েছেন। |
| ৩.৩ | ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত চলমান প্রকল্পসমূহের আওতায় জিওবি অর্থায়নে বিদেশ ভ্রমন বন্ধ রাখতে হবে।এছাড়া চলমান প্রকল্পসমূহের উদ্বুদ্ধকরণ ভ্রমণ থাকলে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প প্রকল্প ও কর্মসূচি পরিচালকগণ জানিয়েছেন। |

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৩.৪ | কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির জন্য দ্রুততার সাথে ২য় সংশোধনীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্প। | এ বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক অবহিত করবেন। |
| ৩.৫ | স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) এবং প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফর্মেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) প্রকল্পের যাবতীয় কার্যক্রম এডিপি বরাদ্দ অনুযায়ী নির্ধারিত সময়ে শেষ করতে হবে। | এসএসিপি (বিপণন অংগ) প্রকল্প এবং পার্টনার (বিপণন অংগ) প্রকল্প | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্পসমূহ হতে জানানো হয়েছে। |
| ৩.৬ | দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনোরকম ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে প্রকল্পসমূহ হতে জানানো হয়েছে। |
| ৩.৭ | বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিচালত e-PMIS এ চলমান সকল প্রকল্প পরিচালকদের প্রকল্পের চাহিত তথ্য ১৫ কার্যদিবসের মধ্যে এন্ট্রি নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্পসমূহ হতে জানানো হয়েছে। |

**৪। বিবিধঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল কর্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। অর্থবছরের ২য় কোয়ার্টারে ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত চলমান প্রকল্পসমূহের আওতায় জিওবি অর্থায়নে বিদেশ ভ্রমন বন্ধ রাখতে হবে । দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনো রকম ব্যাপ্তয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন। প্রস্তাবিত আরএডিপি মোতাবেক বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিচালিত e-PMIS এ চলমান সকল প্রকল্প পরিচালকদের প্রকল্পের চাহিত তথ্য ১৫ কার্যদিবসের মধ্যে এন্ট্রি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির ২য় সংশোধনীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে পুনরায় সভাপতি নির্দেশনা প্রদান করেন। স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) এবং প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফর্মেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) প্রকল্পের যাবতীয় কার্যক্রম আরএডিপি বরাদ্দ অনুযায়ী নির্ধারিত সময়ে শেষ করতে পুনরায় সভাপতি নির্দেশনা প্রদান করেন। কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্পের আওতায় তৈরীকৃত “সফল উদ্যোক্তাদের গল্প” বই আকারে মূদ্রণ করে কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কৃষি বিপণন অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখার কর্মর্তাগণ প্রতিমাসে প্রকল্প এলাকার মাঠ পর্যায়ের সরোজমিনে পরিদর্শণ করে প্রকল্পের অগ্রগতি বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন। এবিষয়ে প্রকল্প পরিচালকগণ সহযোগীতা করবেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | ২০২৪-২৫ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় প্রক্রিয়া যথাসময়ে অত্যন্ত স্বচ্ছতার সাথে বিধি বিধানের আলোকে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.২ | কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির আওতায় তৈরীকৃত "সফল উদ্যোক্তাদের গল্প" বই আকারে মূদ্রণ করে কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৩ | কৃষি বিপণন অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখার কর্মকর্তাগণ প্রতিমাসে প্রকল্প এলাকায় সরোজমিনে পরিদর্শণ করে প্রকল্পের অগ্রগতি বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন। | পরিচালক<br>নীতি ও পরিকল্পনা শাখা |
| ৫.৪ | ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত চলমান প্রকল্পসমূহের আওতায় জিওবি অর্থায়নে বিদেশ ভ্রমন বন্ধ রাখতে হবে । এছাড়া চলমান প্রকল্পসমূহের উদ্বুদ্ধকরণ ভ্রমণ থাকলে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৫ | কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির জন্য ২য় সংশোধনীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্প। |
| ৫.৬ | স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) এবং প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফর্মেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) প্রকল্পের যাবতীয় কার্যক্রম আরএডিপি বরাদ্দ অনুযায়ী নির্ধারিত সময়ে শেষ করতে হবে। | এসএসিপি (বিপণন অংগ) প্রকল্প এবং পার্টনার (বিপণন অংগ) প্রকল্প। |
| ৫.৭ | দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনোরকম ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৮ | আরএডিপি'র প্রস্তাব অনুযায়ী বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিচালিত e-PMIS এ চলমান সকল প্রকল্প পরিচালকদের প্রকল্পের চাহিত তথ্য ১৫ কার্যদিবসের মধ্যে এন্ট্রি নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প পরিচালক। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/১২/২০২৪

মোঃ মাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর